24

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ৬

## সমস্যার আবর্তে একটি আলিয়া মাদ্রাসা

মাদারীপুর সংবাদদাতা ॥ মাদারীপুর আহমদিয়া আলিয়া মাদ্রাসা বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। ছাত্রাবাস সমস্যার কারণে ছাত্র সংখ্যা কমিয়া যাওয়ার আশঙ্কা দেখা দিয়াছে।

১৯৪৯ সালে স্থাপিত এই

(৪থ পৃঃ দ্রঃ)

## সমস্যার আবর্তে

(৩য় পৃঃ পর)

মাদ্রাসায় বর্তমানে ৪ শতাধিক ছাত্র লেখা-পড়া করিতেছে। স্থান সংকুলান সমস্যা প্রকট আকার ধারণ করিয়াছে। ১৯৮৫ সালে মাদ্রাসাটি আড়িয়ালখাঁ গর্ভে বিলীন হইয়া যায়। পরে নূতন জায়গায় মাদ্রাসাটি স্থাপিত হয়। নূতন শ্রেণী কক্ষের (ভবনের) বারান্দা নাই। ভিটি কাঁচা। বর্ষা মৌসুমে ক্লাস করা কষ্টসাধ্য হইয়া দাঁড়ায়। অর্থাভাবে ভবনের অবশিষ্ট কাজ শেষ করা যাইতেছে না। পূর্বে মাদ্রাসার ৩ শত আসনের একটি ছাত্রাবাস ছিল। বর্তমানে কোন ছাত্রাবাস নাই। ফলে দূরবর্তী ছাত্রদের নিয়মিত ক্লাস করা কষ্টকর হইয়া পড়ে।

ছাত্র অনুপাতে আসবাবপত্র ও প্রশাসনিক ভবন নাই। বর্তমান বিজ্ঞান ভবনের দেওয়াল ধসিয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। ভাল লাইব্রেরী নাই। প্রয়োজনীয় কিতাবের অভাবে ছাত্রদের দুর্ভোগ পোহাইতে হয়। লাইব্রেরীর জন্য আসবাবপত্র প্রয়োজন। স্যানিটেশন সমস্যা প্রকট। পুকুরটি ভারাট করা এবং মাঠটি উচু করা প্রয়োজন। পানি সরবরাহের ব্যবস্থা হয় নাই। বহির্দেয়াল বা কাটা তারের বেড়া না থাকায় একদিকে গবাদিপশুর উৎপাত অপরদিকে বহিরাগতদের অবাধ রাজত্ব কায়েম হইয়া থাকে। টেলিফোন না থাকায় জরুরী কাজে দুর্ভোগ পোহাইতে হয়।